দৈনিক ইত্তেফাক

JAN. 30 2002

তারিখ ...

পৃষ্ঠা ৪ কলাম ৪

# শিক্ষামন্ত্রী সমীপে ঃ ভর্তি পরীক্ষায় অনিয়ম

গত ৮ জানুয়ারী গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলে প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা সকাল ন'টায় অনুষ্ঠিত হয়। আমার ছেলের রোল নম্বর ছিল ১৫০ (দিবা শাখা) ৮ক কক্ষে তার সিট পড়ে। উল্লেখ্য, বাংলা এবং অংকে ৫০ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, আমার ছেলেকে শুধু অংকের ৫০ নম্বরের প্রশ্নপত্র সম্বলিত খাতা দেয়া হয়। আমার ৬ বছরের ছেলে, বিষয়টি শ্রেণী পরিদর্শককে জানানো সত্ত্বেও তিনি বিষয়টি তেমন গুরুত্ব না দিয়ে 'সব ঠিক আছে লিখে যাও' বলে পরিদর্শকের স্থানে দস্তখত করেন। বিষয়টি আমি ওই দিনই হেড মাস্টার সাহেবকে অবহিত করলে তিনি বিষয়টি দেখবেন বলে প্রতিশ্রুতি দেন। ১৪-১-২০০২ তারিখে ডিজি (শিক্ষা) বরাবর লিখিতভাবে জানালে তিনিও বিষয়টি দেখবেন বলে জানান। এদিকে ২০-১-২০০২ তারিখে রেজাল্ট প্রকাশের পর দেখা গেল, আমার অভিযোগটির কোন গুরুত্ব দেয়া হয়নি। হেড মাস্টার সাহেবের সঙ্গে দেখা করলে তার এ ব্যাপারে কোন কিছু করার নেই বলে জানালেন এবং ডিজি অফিস থেকেই নাকি ফলাফল চূড়ান্ত করা হয়েছে। এ অবস্থায় আমার একান্ত যুক্তিসঙ্গত আবেদন হলো মেধা ও যোগ্যতার মাপকাঠিতে বিচার করে আমার ছেলে যদি সরবরাহকৃত ৫০ নম্বরের মধ্যে ৫০ নম্বরই পেয়ে থাকে তবে তাকে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হিসেবে বিবেচনা করে প্রথম শ্রেণীতে ভর্তি করা হোক। পরিশেষে, বিষয়টি যথাযথভাবে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে আবেদন জানাচ্ছি।

প্রকৌশলী মোঃ আনসার আলী,
পরিচালক, আল-হাসান
ডেভেলপার্স লিমিটেড,
বাড়ী নম্বর ৮/এ/৫,
সড়ক নম্বর ১৪ (নতুন),
ধানমন্ডি আ/এ, ঢাকা।